# টোনি অলামো খ্রিস্টান চার্চ

আন্তর্জাতিক সংবাদপত্রিকা

নতুন যেরুসালেম — সারাবিশ্বব্যাপী চার্চ

পাস্টর টোনি অলামো — সংস্করণ সংখ্যা ০৬০০০





## মালাবি

প্রিয় পাস্টর টোনি অলামো,

অভিবাদন। আমাদের পরমপিতা পরমেশ্বর এবং প্রভু যিশুর করুণাকণা আপনার ওপর বর্ষণ করুক এবং আপনি পরম শান্তিলাভ করুন। পরমপিতা পরমেশ্বর আমাদের প্রতি অসীম দয়াময়, তাই আমাদের ঈশ্বরের সন্তান বলা হয় (১ যোহন ৩:১)। পাস্টর আপনি আমাকে যেসব পাঠ্য উপাদান পাঠাচ্ছেন সেজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই। ঈশ্বর আপনার প্রতি সদা আশিস বর্ষণ করুন। আমার স্ত্রী তেমওয়া ও আমি আপনার প্রচারপত্র এবং অন্যান্য প্রকাশনা বিতরণে ব্যস্ত আছি। আমি একটা ছোট অফিস খুলেছি সেখানে অনেকে আপনার পাঠ্য প্রকাশনা নিতে আসে। অনেকে তাদের পাপের জন্য অনুতপ্ত হয়েছেন এবং যিশুকে তাদের ত্রাণকর্তা

*(পৃষ্ঠা ২-এ ক্রমশ)*



*পাস্টর টোনি অলামো – ১৯৮৬ এ নেওয়া ছবি*

# শুকনো হাড়

**টোনি অলামো**

বাইবেলের নবী যিহিষ্কেল ঈশ্বর দ্বারা দিব্যদৃষ্টি প্রাপ্ত হন। এই দৈবদর্শনে তিনি একটি খোলা উপত্যকা দেখতে পেয়েছিলেন যার এক অংশে মানুষের শুকনো হাড় পড়েছিল, যা ছিল ইস্রায়েল এবং সমগ্র বিশ্বের মানুষের মৃতবত্ আত্মার প্রতীকস্বরূপ। এই দৈবদর্শন বস্তুত ভবিষ্যত দর্শন ছিল, তাতে দেখানো হয়েছিল যিশু প্রথমবার পৃথিবীতে আবির্ভূত হবেন এবং মনুষ্য আত্মার পরিত্রাণের বিষয়ে উপদেশ দেবেন। তাতে আরো দেখানো হয় যে, যিশুর উপর যাদের আস্থা থাকবে তাদের আত্মা মৃতবত্ অবস্থা থেকে পরিত্রাণ পেয়ে জাগরিত হয়ে উঠবে।[১]

যিহিষ্কেলকে ঈশ্বর বলেন, "এই হাড়গুলিকে কি জীবিত করা যায়?" (যাদের আত্মা মৃতবত্ তাদের আত্মা জাগিয়ে তোলা যায় কি?) যিহিষ্কেল বলেন, "প্রভু, আপনি নিজে এদের সৃষ্টি করেছেন। তাই এরা বেঁচে উঠবে কিনা তা আপনিই বলতে পারবেন"।[২] ঈশ্বর পুনরায় নবীকে বলেন, "এই শুকনো হাড়গুলিকে উপদেশ দাও এবং তাদের বল 'ও হে শুকনো হাড়, প্রভুর কথা শোন'"। তখন প্রভু ঐ শুকনো হাড়গুলিকে বললেন "দেখ, তোমাদের মধ্যে আমি প্রাণস্পন্দন ফিরিয়ে আনব যার ফলে তোমরা বেঁচে উঠবে"।[৩]

*(পৃষ্ঠা ২-এ ক্রমশ)*

**১.** যিহিষ্কেল ৩৬:১, ৪ **২.** যিহিষ্কেল ৩৭:৩, মূল ইব্রিয় বাইবেল থেকে গ্রহণ করা হয়েছে **৩.** যিহিষ্কেল ৩৭:৪-৫, মূল অ্যারামিক বাইবেল থেকে গ্রহণ করা হয়েছে

এটি পাস্টর অলামোর বই *The Messiah (দি মেসাইয়া)* (ত্রাণকর্তা) থেকে উদ্ধৃত ও ধারাবাহিকভাবে প্রকাশিত চতুর্বিংশ অংশ, এই ধারাবাহিক পত্রিকার আগামী সংস্করণগুলিতে চলবে।

**সর্বশ্রেষ্ঠ অলৌকিক ছাপানো ঘটনা:**

**ঐতিহাসিক সত্য**

**বাইবেল-এর ভবিষ্যদ্বাণী অনুসারে**

# দি মেসাইয়া

**"সব নবীরা যিশুর বিষয়ে ভবিষ্যদ্বাণী করেছিলেন" (প্রেরিতদের কার্য্য ১০:৪৩)।**

**"বাইবেলে যিশুর বিষয়ে এ কথাই আছে" (গীতসংহিতা ৪০:৭, ইব্রীয় ১০:৭)।**

**যিশাইয়-র পুস্তিকা ৫৩ তম অধ্যায়, ক্রমশ**

**(৯) পাপীদের জন্য ত্রাণকর্তা যিশুর কষ্টসহন (যিশাইয় ৫৩:৪-৬, ৮, ১০-১২)।**

*(পৃষ্ঠা ৪-এ ক্রমশ)*

## ঘানা

প্রিয় পাস্টর,

ঘানা থেকে আপনাকে অভিবাদন জানাই। আপনাকে এ কথা জানাতে বিশেষ আনন্দবোধ করছি যে আমি যিশুকে আমার ত্রাণকর্তা হিসাবে স্বীকার করে নিয়েছি। আপনার বই *The Messiah (দি মেসাইয়া)* তে পড়লাম তিনি পৃথিবীতে এসেছিলেন এবং ক্রুশবিদ্ধ হয়েছিলেন। এর আগে আমি যে জগতে বাস করতাম সেখানে ঈশ্বরের ব্যাপারে সম্পূর্ণ অজ্ঞ ছিলাম। আমি তাঁর পুত্রের (ত্রাণকর্তা) ব্যাপারেও জানতাম না। তবে আপনার বই পড়ে জানলাম আমি পথভ্রষ্ট হয়ে পড়েছিলাম, এখন সঠিক পথ খুঁজে পেয়েছি। আমি অন্ধকারে ছিলাম, পরমেশ্বর আমাকে আলোর পথ দেখিয়েছেন। যিশু আমার আত্মার পরিত্রাণ করেছেন এবং আমি ঈশ্বরের সন্তানদের একজন। তবে এখনও আমার কাছে একটাও বাইবেল নেই, সম্ভব হলে আমাকে একটা বাইবেল পাঠিয়ে দেবেন। আরও ভালো হয় যদি তার সঙ্গে আপনার বই *The Messiah (দি মেসাইয়া)* পাঠান। এছাড়া যদি ঈশ্বরকে চেনার অন্য কোনও বই পাঠাতে পারেন তাহলে আমি বিশেষ কৃতজ্ঞ থাকবো। আজকাল আমি কোফোরিদুয়ার পেন্টেকোস্টাল চার্চে যাচ্ছি। আপনি যে প্রশংসনীয় কাজ করে চলেছেন সেজন্য ঈশ্বর আপনার মঙ্গল করুন।

ভবদীয়,

ডি. এফ. কোফোরিদুয়া, ঘানা

## শুকনো হাড়

*(পৃষ্ঠা ১ থেকে ক্রমশ)*

যিহিস্কেলের সময়কালে ইস্রায়েল এক শত্রুদেশ দ্বারা সম্পূর্ণ পরাজিত হয়ে তাদের অধীনস্থ হয়ে ছিল।[৪] এর কারণ, তারা অবিরাম ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করছিল। সুতরাং যিহিস্কেলকে ঈশ্বর বলেন যে তিনি আরেকটি নতুন দেশ সৃষ্টি করবেন, যে দেশটি আগেকার ইস্রায়েল থেকে আরও মহান হবে, কেননা আগেকার ইস্রায়েল নিজের পাপকর্ম থেকে বেরিয়ে আসতে পারছে না। এই নতুন ইস্রায়েল দেশটি তৈরী হবে সারা বিশ্বের লোকেদের নিয়ে[৫] যেখানে অল্পসংখ্যক ইহুদি এবং বেশ কিছু ভিন্ন দেশীয় মানুষ যিশুর প্রতি আস্থার ভিত্তিতে ঐক্যবদ্ধ হবে।[৬] যাদের আত্মা পাপবশত মৃতবত্ অবস্থা থেকে জেগে উঠেছে তাদের নিয়ে তৈরী হবে এই মহান ও পবিত্র দেশ।[৭] তারা কখনোই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করবে না। এদের আত্মার উদ্ধার স্বয়ং প্রভু যিশু করেছেন।[৮]

১৯৬৪ তে, যিশু দ্বারা পরিত্রাণ পাওয়ার আগে আমি, বারনি হফম্যান অর্থাৎ টোনি অলামো, আমার পরিচিত জগতে একজন পাপী হিসাবে পরিচিত ছিলাম। ঈশ্বর সম্বন্ধে আমার কোনও ধারণা ছিল না। আমি ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধে অজ্ঞাত ছিলাম। বাইবেলের কথাগুলি আমার কল্পকথা বলে মনে হত। আমি বুঝতে পারতাম না লোকেরা ঈশ্বর বা ঈশ্বরের পুত্রে কেন এমন আস্থাবান। যারা নিজেদের ঈশ্বরবিশ্বাসী বলে পরিচয় দিত তাদের আমি বিশ্বাস করতাম না কেননা তারা ছিল ভণ্ড। তারা আমার মত, বা আমার চেয়েও বেশী পাপকর্ম করত। এসব কথা আমি জানতাম কারণ আমি সবসময় তাদের সঙ্গে সময় কাটাতাম। আমরা সবাই নির্জীব, শুকনো হাড়ের স্তূপের মত ছিলাম। যেহেতু, বাইবেল পড়া আমার মতে সময়ের অপচয় ছিল, তাই কেউ যদি আমাকে খ্রিস্টধর্মে পরিবর্তিত করার চেষ্টা করত তখন আমি রেগে যেতাম। আমি যে জীবনযাপন করছিলাম, তাতে এসব কাল্পনিক গল্পকথার কোনও স্থান ছিল না।

বিপণন (মার্কেটিং) জগতে আমাকে সর্বশ্রেষ্ঠ মনে করা হত। বিশ্বের বেশ কয়েকজন খ্যাতনামা গায়ক এবং অভিনেতার সাফল্যে আমার বিশেষ অবদান ছিল। এছাড়া আমি অনেক সুপরিচিত ঘরোয়া কাজে ব্যবহারের জিনিসের প্রচার ও প্রসারও করেছি। সেই সময়টায় খ্রিস্ট ধর্মাবলম্বন, পথের ধারে দাঁড়িয়ে যিশুর বিষয়ে প্রচারপত্র বিতরণ করা, যিশুর বাণী প্রচার করা এবং গরীব মানুষকে খেতে দেওয়া আমার জন্য দুঃস্বপ্নের মতোই ছিল।

ষাটের দশকের মাঝামাঝি সময়ে এই জগতের অবস্থা খুব ভালো ছিল না। হিপ্পী আন্দোলন, যার প্রধান বৈশিষ্ট্য ছিল নেশা করা, অপরিচ্ছন্ন জীবনযাপন করা ও নৈতিক মূল্যবোধের অবজ্ঞা করা, সেই আন্দোলনের ঘোর বিরোধী ছিলাম আমি। হলিউড এবং সারা দুনিয়ায় এই আন্দোলনের যা প্রভাব পড়ছিল আমি তা মনে প্রাণে ঘৃণা করতাম। আমি নিজেও মহাত্মা ছিলাম না। অন্যের পাপ কর্ম নিয়ে আমি বিশেষ মাথা ঘামাতাম না। শুধু পরিবারের ছোট ছোট ছেলেমেয়েদের সামনে এইসব দুষ্কর্ম করতে দেখলে আমি খুব বিপর্যস্ত বোধ করতাম। আমার মনে হত পৃথিবীটা ধ্বংসের পথে চলেছে। মনে হত এই জগতটা যেন এক শুকনো, মৃত, জঘন্য, নৈরাশ্যপূর্ণ স্থান।[৯] পৃথিবীতে কোথাও কোনও মূল্যবোধ অবশিষ্ট ছিল না। আমার মনে হত এ কথাটা শুধু আমি না, অন্যান্য অনেকেই জানত এবং সেইজন্যই বোধহয় নেশা করে ঐ বাস্তব থেকে পালানোর পথ খুঁজত। ধর্ম ভণ্ডামি জর্জরিত হয়ে উঠেছিল এবং আমার মনে হত যে একথা অনেকেই জানত। সমস্ত পৃথিবীর মানুষের আত্মা পাপবশত মৃতবত্ হয়ে পড়েছিল।[১০] যিহিস্কেল তাঁর দিব্যশক্তি দিয়ে যেমন দেখেছিলেন, এই জগতটাও ঠিক তেমনিই শুকনো হাড়ের উপত্যকা হয়ে উঠেছিল।[১১]

আমি বেভার্লি হিলসের একটা অফিসে হঠাৎ সম্পূর্ণ অপ্রত্যাশিত ও অলৌকিকভাবে যিশুর অস্তিত্ব উপলব্ধি করি। ঈশ্বর যখন আমার সামনে তাঁর এবং তাঁর সন্তানের অস্তিত্ব প্রকাশ করলেন তখন আমি একাধারে ভীত সন্ত্রস্ত ও পুলকিত হয়ে উঠি। তিনি আমার সঙ্গে কথা বলেন, তাঁর শক্তিশালী স্বরধ্বনি আমার সমস্ত শরীরে অনুরণন সৃষ্টি করে। আমি উপলব্ধি করেছিলাম যে তাঁর কথাগুলি আমার আত্মা ও মনের গহনে প্রবিষ্ট হয়েছে। তাঁর উপস্থিতি অপার মহিমান্বিত এবং অলৌকিক ছিল। আমি অনুভব করলাম যে উপর থেকে কোনও অদৃশ্য শক্তি আমার উপর চাপের সৃষ্টি করেছে এবং যেন সেটি ঈশ্বরের হাত। তারপর তাঁর কণ্ঠস্বর শুনতে পেলাম, "উঠে দাঁড়াও, এই ঘরে যারা আছে তাদের সবাইকে যিশুর বিষয়ে বল, তাদের বল, তিনি আবার পৃথিবীতে পদার্পণ করবেন। এমন না করলে আমি অবশ্যই তোমার জীবননাশ করব"। ঐ অফিসে ঈশ্বরের উপস্থিতি ও ঐসব কথাবার্তা

**৪.** যিহিস্কেল ৩৭:১১ **৫.** আদিপুস্তক ১৭:৪-১৬, ২২:১৮, ২৬:৪, ৪৬:৩, ৪৮:১৯, ৪৯:১০, যাত্রাপুস্তক ১৯:৬, ৩২:১০, ১ পিতর ২:৯-১০, যোহন ১১:৫১-৫২, প্রেরিতদের কার্য্য ১০:৩৪-৩৫, ইফিষীয় ১:১০, প্রকাশিত বাক্য ৫:৯, ১৪:৬, ইব্রীয় ৮:৮-১২, গীতসংহিতা ২২:২৭, যিশাইয় ২:২, আরো অনেকগুলি **৬.** যোহন ১৫:১, রোমীয় ১১:১৭, ১৯, ২৩, ২৪, প্রকাশিত বাক্য ৭:৪ **৭.** ১ পিতর ২:৯ **৮.** প্রকাশিত বাক্য ২০:৫-৬, কলসীয় ২:১২, ৩:১, রোমীয় ১৫:১২, ১ করিন্থীয় ১৫:১৫, ১৬, ১ থিষলনীকীয় ৪:১৬

**৯.** মথি ১৩:৩৯, ২৪:১-৫১, ১ করিন্থীয় ১৫:২৪, ইব্রীয় ৯:২৬, ১ পিতর ৪:৭ **১০.** ইফিষীয় ২:১, ৫, কলসীয় ২:১৩ **১১.** যিহিস্কেল ৩৭:১

## ক্যালিফোর্নিয়া

প্রিয় পাস্টর অলামো,

পবিত্র আত্মার অনুপ্রেরণায় আমি এই চিঠি লিখছি। বাইবেল পড়ে আমি লাগাতার শক্তিলাভ করে চলেছি (ইফিষীয় ৬:১০-১৭)। সম্প্রতি আমি একজন খ্রিস্টধর্মী ভাইয়ের সঙ্গে বাইবেল পড়ছিলাম, পবিত্র আত্মার মাধ্যমে আমরা এই পুস্তিকার কয়েকটা সত্য ও রহস্য জানলাম। আমি জানি ঈশ্বর তাদের শক্তি প্রদান করেন যারা তার কথা মানেন। আমি আপনার লেখার একটি কপি পেলাম। যখন আমি জীবনের কিছু সত্যের খোঁজ করছি ঠিক সেই সময় আপনার এই লেখা পাওয়া ঈশ্বরকৃপা ছাড়া কিছু নয়। আপনার চার্চ আমাকে বিশেষ প্রেরণা দিয়েছে। আপনি খাঁটি মানুষ, নির্ভুলভাবে আপনি বাইবেল বোঝান। অনুগ্রহ করে আপনার ডাক-তালিকায় আমার নাম যোগ করে নিন এবং আমাকে আপনার চার্চের সদস্য করে নিন। আমার বিশ্বাস দৃঢ়তর করতে আপনার বইগুলি আমার দরকার। এখন আমি জেলে আছি, তাই শক্ত মলাটের বই পাঠাবেন না। আমার অর্থদান করার সামর্থ্য নেই, তবে প্রার্থনা করি আপনার চার্চের খুব উন্নতি হোক।

আপনার অকৃত্রিম,

বি. এল. কোর্কোরান, ক্যালিফোর্নিয়া

## মালাবি

*(পৃষ্ঠা ১ থেকে ক্রমশ)*

বলে স্বীকার করে নিয়েছেন। এই ছোট অফিসে স্কুলের শিক্ষার্থী এবং অন্যান্য চার্চের লোকজন আসে। তারা এসে নানা প্রশ্ন করে ও নিজের পাপের অনুশোচনা করে। তাই, পাস্টর আপনার কাছে অনুরোধ আমাকে আরও নানা ধরণের পাঠ্য উপাদান পাঠান। আমাকে পত্রিকা এবং আপনার *The Messiah (দি মেসাইয়া)* (ত্রাণকর্তা) শিরোনামের বইটার অনেকগুলি কপি পাঠান। শত শত মানুষ আসছে, যেন আমি অর্থ দান করছি, আমি তো ঈশ্বরের বার্তা বিতরণ করছি। যারা যিশুকে ত্রাণকর্তা বলে স্বীকার করে নিয়েছেন আমি তাদের নিকটবর্তী নদীতে দীক্ষা-স্নান দিতে ব্যস্ত থাকি। নতুন খ্রিষ্টধর্মীদের জন্য অনুগ্রহ করে আমাকে বাইবেলের কপি পাঠাবেন। সম্ভব হলে চেয়ারের ব্যবস্থা করার জন্য আমাকে ১০০ ডলার দিয়ে সাহায্য করবেন। আপনার পত্রিকা বিতরণ করতে আমি জাম্বিয়া গিয়েছিলাম, সেখানকার অনেকে এই পত্রিকা পড়ে যিশুকে তাদের ত্রাণকর্তা বলে স্বীকার করে নেন এবং নদীতে দীক্ষা-স্নান করেন। আপনার পত্রিকা সত্যি খুব প্রেরণাদায়ক। ঈশ্বর আপনাকে এবং আপনার চার্চের অন্যান্যদের প্রতি কৃপাবর্ষণ করুন।

পাস্টর এন কে. রুম্ফি, মালাবি



*পাস্টর এম. সি., তাঁর চার্চ টোনি অলামো খ্রিস্টান চার্চের সহযোগী চার্চ, কঙ্গো লোকতন্ত্রে পাস্টর অলামোর পত্রিকা বিতরণ করছেন।*

## জাম্বিয়া

প্রিয় পাস্টর টোনি অলামো,

আমাদের প্রভু যিশুর নামে অনেক শুভেচ্ছা। লোকেদের আত্মার পরিত্রাণ করতে সারা পৃথিবীতে ঈশ্বর তাঁর বার্তার প্রচার প্রসারের জন্য তিনি যে আপনাকে বেছে নিয়েছেন সেজন্য তাঁকে আমি অশেষ ধন্যবাদ জানাই। পাস্টর অলামো, আগে আমি খ্রিস্টান ছিলাম না, তবে আমার একজন সহকর্মী যিশুখ্রিষ্টের সম্বন্ধে আমাকে জানায় এবং আমি যিশুকে আমার ত্রাণকর্তা হিসাবে স্বীকার করে নিই। আপনার পত্রিকা পড়াতে আমার বিশ্বাস আরও দৃঢ় হয়েছে এবং সেটা আমার জীবন পালটে দিতে সাহায্য করেছে। আমি জানলাম ঈশ্বর আমাদের পরিত্রাণ করতে চান এবং তিনি চান আমরা তাঁর আদেশ পালন করি। পাস্টর অলামো, পরমেশ্বরের কথাগুলি জানার জন্য আমার ও আমার বন্ধুদের ইংরেজি ভাষায় দু একটা বাইবেল চাই। ঈশ্বর আপনাকে শান্তিপ্রদান করুন। আপনার চার্চের যে সব দয়ালু ও বিচক্ষণ ব্যক্তি অনুরোধের উত্তর দেন তাদের জন্য আপনাকে অনেক ধন্যবাদ।

ধন্যবাদ,

জি. এন. কিটওয়ে, জাম্বিয়া

শুনে আমি তাঁর সর্বজ্ঞতা ও সর্বব্যাপী ক্ষমতা উপলব্ধি করলাম।[১২] আমি বুঝলাম প্রতিটি ধূলিকণায় তাঁর নিয়ন্ত্রণ, তিনি সর্বাবস্থায় সর্বত্র বিদ্যমান। তিনি অতীতের সব কিছু জানেন এবং ভবিষ্যতে কি ঘটবে তাও তিনি জানেন।[১৩] আমি লজ্জিত হচ্ছিলাম কারণ আমার জীবনে যা যা ঘটেছে সেসব খবরই তিনি রাখেন। তারপর তিনি আমাকে দেখালেন যে স্বর্গ-নরক অবশ্যই বর্তমান। আমি জানতাম, তিনি আমাকে যা করতে বলছেন তা না করলে আমাকে কোথায় পৌঁছাতে হবে...স্বর্গে তো নিশ্চয়ই না।

যদিও আমার জন্য সে এক ভয়াবহ অনুভূতি ছিল,[১৪] তবে বাস্তবিকই যে ঈশ্বর আছেন, এবং নবী ও যিশুর শিষ্যরা তাঁর বিষয়ে যা বলতেন সব সত্যি এ কথা জেনে খুব পুলকিত হলাম। তিনি যখন থেকে স্বর্গ, মর্ত্য ও যাবতীয় জিনিস সৃষ্টি করেছিলেন সেই সময় থেকে তিনি এতটুকু বদলাননি।[১৫] আমি তখন সিদ্ধান্ত নিলাম সর্বদা তাঁকে ভয় পাব, তাঁর গুণগান গাইব, তাঁকে শ্রদ্ধা করব, তাঁকে ভালোবাসব এবং তাঁর সেবায় আত্মসমর্পণ করব। আমি জানলাম এখন থেকে তাঁরই জন্য আনন্দের সাথে আমি জীবন ধারণ করব, অন্যায় অত্যাচার সহ্য করব এবং তাঁর উদ্দেশ্যে আত্মবিসর্জন দেব।[১৬]

অবশেষে ঈশ্বর যখন আমাকে ঐ অফিসে তার হাত থেকে মুক্তি দিলেন, আমি তাঁকে প্রশ্ন করলাম, "আপনার জন্য আমাকে কি করতে হবে? আপনি যা বলবেন আমি তা করব"। আমি কোনও উত্তর পেলাম না। আমি ভাবতে শুরু করলাম ঈশ্বর আমার কাছ থেকে কি চাইছেন এবং এই সিদ্ধান্তে পৌঁছলাম ঈশ্বর চাইছেন আমি চার্চে যাই। প্রশ্ন হল কোন চার্চে যাব। আমি ভাবলাম সবচেয়ে বড় চার্চ নিশ্চয় সবচেয়ে ভালো হবে। তাই আমি সেখানে গেলাম, অথচ সেখানে ঈশ্বরের সন্ধান পেলাম না। তারপর অন্য চার্চগুলিতে গেলাম, সেখানেও ঈশ্বরের খোঁজ পেলাম না। তার পর আমি বই পড়তে শুরু করলাম, বইগুলি দেখে মনে হল তাতে নিশ্চয় ঈশ্বরের বিষয়ে সব সত্য কথা লেখা আছে কেননা বইয়ের মলাটে বিচক্ষণ ও ধর্মপরায়ণ লেখকদের ছবি ছিল, তাদের লম্বা দাড়ি, লম্বা ধর্মীয় পোশাক। তবে আমি জানতাম বইয়ে যা লেখা আছে সব ভুল কেননা তাতে লেখা ছিল ঈশ্বরকে ভয় পেতে নেই।[১৭] ঈশ্বর মানুষকে হুমকি দেন না, ঈশ্বর দুরাত্মা পাপীদের নরকে পাঠিয়ে শাস্তি দেন না।[১৮] এমন ভুল ঈশ্বরকে নিয়ে আমার কোনও মাথাব্যথা ছিল না; বরং আমি সেই ঈশ্বরকে খুঁজছিলাম[১৯] যিনি আমাকে হুমকি দিয়ে ভয় দেখিয়েছিলেন, আমায় স্বর্গ ও নরক দর্শন করিয়েছিলেন, ভগবান যিশুর বিষয়ে প্রচার প্রসার করতে বাধ্য করেছিলেন, যা আমি কখনই করতে চাইনি এবং যা কেউ আমাকে দিয়ে আগে করাতে পারেনি।

বাইবেলে যে সত্যের সন্ধান পাওয়া যাবে তা আমি কখনই ভাবিনি, কারণ সর্বত্রই বাইবেল পাওয়া যেত। যেহেতু বাইবেল এমন সুপ্রচলিত ছিল তাই আমার মনে হত সাধারণ মানুষ সেটা পড়ে। যেহেতু আমার ধারণা ছিল সাধারণ মানুষের জ্ঞানের অভাব আছে তাই বাইবেল পড়ায় আমার অনীহা ছিল কারণ আমি ভাবতাম যে বাইবেল-এ কোনও জ্ঞানের কথা নেই। অবশেষে আমি বাইবেল পড়তে শুরু করলাম এবং উদ্ধারের পথ খুঁজে পেলাম। আমি বাইবেলে অনন্ত জীবনলাভের স্পষ্ট নির্দেশ পেলাম, তাতে লেখা ছিল, আমাদের আজীবন যিশুর প্রতি দৃঢ় আস্থাবান হয়ে থাকতে হবে এবং সবার কাছে যিশুর মহিমার কথা জানাতে হবে যাতে তিনি তাদের আত্মার উদ্ধার করেন।[২০]

প্রথম যখন আমি বাইবেল পড়তে শুরু করি তখন আমি আবার ঐ একই শক্তির উপস্থিতি

*(পৃষ্ঠা ৭-এ ক্রমশ)*

**১২.** ১ শমূয়েল ২:৩, গণনাপুস্তক ২৪:১৬, ১ করিন্থীয় ১:২৫, ২:১৬, ৩:১৯, গীতসংহিতা ৩২:৮, ইয়োব ২১:২২, হিতোপদেশ ২:৬, ৩:২০, ৯:১০, লূক ১:৭৭, রোমীয় ১১:৩৩, ২ করিন্থীয় ৪:৬ **১৩.** গীতসংহিতা ৪৪:২১, ১ যোহন ৩:২০, ১ করিন্থীয় ৩:২০, গীতসংহিতা ৯৪:১১, যিশাইয় ৪৬:৯-১০, প্রকাশিত বাক্য ২১:৬, ২২:১৩ **১৪.** ২ করিন্থীয় ৫:১১, আদিপুস্তক ৩৫:৫, যিরমিয় ৩২:২১, ইয়োব ৩১:২৩, লেবীয় পুস্তক ২৬:১৬, যিহিষ্কেল ৩২:৩২

**১৫.** মালাখি ৩:৬, ইব্রীয় ১৩:৮, আদিপুস্তক ১:১, প্রেরিতদের কার্য্য ৪:২৪ **১৬.** গীতসংহিতা ৫:১১, ৩৫:১৯, যোহন ১৬:৩৩, রোমীয় ১২:৮, ১৫:১৩, প্রেরিতদের কার্য্য ২:২৮, ২০:২৪, যিশাইয় ৫১:১১, ৬১:১০, ২ করিন্থীয় ৮:১২ **১৭.** আদিপুস্তক ২২:১২, গীতসংহিতা ১১২:১, হিতোপদেশ ১৩:১৩, ১৪:১৬, ২৮:১৪, ৩১:৩০, উপদেশক ৭:১৮ **১৮.** হিতোপদেশ ৮:৩৬, যিহিষ্কেল ১৮:২, ৪, প্রকাশিত বাক্য ১৯:২০, ২০:১০, ১৪, ১৫, ২১:৮ **১৯.** আদিপুস্তক ২:১৭, ৬:৭, ৯, ১৩, যাত্রাপুস্তক ২০:৫, ৩৪:৭, ৩২:৩৩, মথি ৮:১২, ২২:১৩, প্রকাশিত বাক্য ২০:১৫, ২:৫, ১৬, ২২-২৩, ৩:৩, মার্ক ১৬:১৬, যিহিষ্কেল ৩:১৮, ১৮:২০ **২০.** যোহন ৪:৩৫-৩৬, ১৫:৫, ৮, ১৫-১৬, প্রকাশিত বাক্য ১৪:১৮



*টোনি অলামো খ্রিস্টান চার্চের ওয়েবসাইট*

**www.alamoministries.com**

## ভারত

আমাদের প্রিয় ও খ্রিষ্টধর্মী ভাই এবং পথপ্রদর্শক পাস্টর টোনি অলামো,

ভারতের টোনি অলামো খ্রিস্টান চার্চের ভারতীয় সদস্যদের অভিবাদন গ্রহণ করুন। যখন পবিত্র বাইবেল ও *The Messiah (দি মেসাইয়া)* এবং আরো কয়েকটা বই হাতে পেলাম তখন আমি পুলকিত হয়ে উঠি। যারা ইংরেজি জানে তাদের সবাইকে আমি ও আমার খ্রিস্টান বন্ধুরা উদ্ধারের নানা উপাদান বিতরণ করছি। যারা ইংরেজি জানে না তাদের ও গ্রামবাসীদের জন্য আমরা এই অনবদ্য উপাদান অনুবাদ করার চেষ্টা করছি। প্রচুর সংখ্যায় বাস ও অটো ড্রাইভার, হাই স্কুল, মেডিকাল ও ইঞ্জিনিয়ারিং-এর ছাত্রছাত্রী, কারখানার শ্রমিক ও মালিক, শিক্ষক ও অন্য যারা এইসব সামগ্রী পাচ্ছে তারা এতে লাভবান হয়েছে। এইসব পাঠ্যবস্তুতে পরিত্রাণের সত্যিকার পথপ্রদর্শন করা হয়েছে। আমাদের শহরের অনেকে আপনার এই উপাদান পড়ে যিশুকে নিজেদের ত্রাণকর্তারূপে পেয়েছে। অনুগ্রহ করে আপনার প্রার্থনায় আমাদের চার্চের কথা মনে রাখবেন।

আপনার বিশ্বস্ত,
পাস্টর এন. টি.
রামপাচোদভরম, পূর্ব গোদাবরি,
অন্ধ্র প্রদেশ, ভারত



*শ্রী টি. আর., একজন খ্রিষ্টান ভাই, ভারতের রাজামুন্দ্রিতে পাস্টর অলামোর বই দি মেসাইয়া-র কপি বিতরণ করছেন। এই বই অনেকের জীবনে আমূল পরিবর্তন এনেছে এবং তাদের পরিত্রাণ পেতে সাহায্য করেছে।*

## দি মেসাইয়া

*(পৃষ্ঠা ১ থেকে ক্রমশ)*

“তিনি সত্যই আমাদের কষ্ট স্বয়ং সহ্য করেছেন এবং আমাদের দুঃখ নিজে বহন করেছেন” (যিশাইয় ৫৩:৪)। “আমাদের পাপের জন্য তিনি কষ্ট পেয়েছেন। আমাদের অপরাধের জন্য তিনি নিজে যন্ত্রণাভোগ করেছেন। তিনি মাথা পেতে শাস্তি নিয়েছেন যাতে আমরা ঈশ্বরের কাছে শান্তি পাই; তাঁর বেত্রাঘাতে আমরা সেরে উঠেছি” (যিশাইয় ৫৩:৫)। “ঈশ্বর তাঁর ওপর আমাদের সকলের পাপ চাপিয়ে দিয়েছেন” (যিশাইয় ৫৩:৬)। “ঈশ্বরের নিজের লোকদের পাপের কারণে তাঁকে পীড়ন করা হয়েছে” (যিশাইয় ৫৩:৮)। “তিনি আমাদের পাপের জন্য নিজেকে বলিদান দেবেন” (যিশাইয় ৫৩:১০)। “তাদের অপরাধভার তিনি নিজে বহন করবেন” (যিশাইয় ৫৩:১১)[১]। “তিনি অনেকের পাপের বোঝা নিজের কাঁধে বহন করেছেন” (যিশাইয় ৫৩:১২)।

এই অধ্যায়ের (যিশাইয় ৫৩) তাৎপর্য্য এই যে, **অন্যদের পাপকর্মের জন্য যে শাস্তি পাওয়া উচিত ছিল ত্রাণকর্তা স্বয়ং তা গ্রহণ করে নিয়েছেন।** এই দারুণ অধ্যায়ে মাত্র বারোটি স্তবক আছে, অথচ মানুষের পাপের জন্য ত্রাণকর্তার আত্মবলিদানের ও যন্ত্রণাভোগের ভবিষ্যদ্বাণীর চোদ্দ বার পুনরাবৃত্তি করা হয়েছে। যিশাইয় ৫২:১৩-১৫ তেও এই ভবিষ্যদ্বাণীর কথা বলা হয়েছে। এবং ঐ ভবিষ্যদ্বাণীর পূর্ণ তাৎপর্য্য বোঝা গেল যখন প্রভু যিশু “আমাদের পাপ নিজে বহন করে নেন” (২ করিন্থীয় ৫:২১) এবং “আমাদের পাপের জন্য নিজে মৃত্যুবরণ করেন” (১ করিন্থীয় ১৫:৩)।

ঈশ্বর “তাঁর ওপর আমাদের সকলের পাপের বোঝা চাপিয়ে দিয়েছিলেন” (যিশাইয় ৫৩:৬)। যিশু ঈশ্বরপ্রদত্ত ত্রাণকর্তা ছিলেন, তিনি সমগ্র মানবজাতির পাপের দণ্ডভোগ করেন। ঈশ্বরের মনে অসীম দয়া এবং প্রেম, তাই তিনি ক্রুশে যিশুর মৃত্যু দ্বারা মানব আত্মার পরিত্রাণের পথ দেখিয়েছেন। ক্রুশবিদ্ধ হওয়া যিশুর জন্য কল্পনাতীত অপমানজনক অনুভূতি ছিল, একই সঙ্গে তাঁর মহিমার শীর্ষে ছিল, কেননা এটাই ছিল মানব আত্মার পরিত্রাণের পথপ্রদর্শক।

প্রভু যিশু যখন পৃথিবীতে পদার্পণ করেন, তখন স্বয়ং ক্রুশবিদ্ধ হয়ে তিনি ত্রাণকর্তার বিষয়ে ঐ সব ভবিষ্যদ্বাণীগুলির সত্যতা প্রমাণিত করেন: “যখন তিনি ক্রুশবিদ্ধ হন যিশু আমাদের পাপ স্বয়ং নিজের উপর গ্রহণ করে নেন।” (১ পিতর ২:২৪)।

**(১০) ত্রাণকর্তা স্বেচ্ছায় যন্ত্রণা সহ্য করবেন এবং নালিশ করবেন না (যিশাইয় ৫৩:৭)।**

“তাঁকে পীড়ন করা হয়, নিদারুণ যন্ত্রণা দেওয়া হয়, তা সত্ত্বেও তিনি মুখ খোলেন নি। যেমন বলি দেওয়ার জন্য মেষশাবককে ধরে আনা হয়, একইভাবে তাঁকে ধরে আনা হয়েছিল। ভেড়ার লোম ছাঁটার সময় সে যেমন চুপ করে থাকে, তিনিও চুপ করে ছিলেন। নিজেকে বাঁচানোর জন্য তিনি মুখ খোলেননি” (যিশাইয় ৫৩:৭)।

সাধারণত অন্যান্য নিপীড়িত অভিযোগ করে বা বিড়বিড় করে অসন্তোষ প্রকাশ করে, বিশেষতঃ যদি তাদের প্রতি অন্যায় অত্যাচার করা হয়- অথচ ত্রাণকর্তা মুখ বুজে ছিলেন। আমাদের পাপ মাথা পেতে স্বীকার করে নেওয়ার দায়িত্ব তাঁকে দেওয়া হয়েছিল। তিনি সানন্দে সেই দায়িত্ব পালন করেছিলেন এবং মেষশাবকের মত আত্মবলিদান করেছিলেন। মহানুভব নীরবতায় তিনি সব সহন করেছিলেন কারণ সেটাই ছিল ঈশ্বরের ইচ্ছা। এতে

১ “ত্রাণকর্তা মনুষ্যজাতির পাপের জন্য নিজের জীবন বিসর্জন দেবেন” এই ভবিষ্যদ্বাণীটির এই অংশটিতে এতবার পুনরাবৃত্তি হয়েছে যে সেটিকে অস্বীকার করা অসম্ভব।




*টোনি অলামো খ্রিষ্টান চার্চ, ইউ এস, থেকে পত্রিকা এবং ইংরাজি ভাষায় বাইবেলের (কিং জেমস সংস্করণ) কপি পাওয়ার পর পাস্টর মাইক অমোয়াসেগন এবং নাইজেরিয়ার সুলেজা শহরে তাঁর চার্চের কয়েকজন সদস্য।*

## ঘানা

প্রিয় পাস্টর অলামো,

আপনার বই *The Messiah (দি মেসাইয়া)* এবং দশটা পত্রিকা পাঠানোর জন্য ধন্যবাদ। এগুলি পেয়ে আমার জীবনে আধ্যাত্মিক সচেতনতা এসেছে এবং ঈশ্বরের কাজে নতুন উৎসাহ পেলাম। আমি কয়েকটা পত্রিকা আমার খ্রিস্টান বন্ধুদের দিয়েছি যাদের ঈশ্বরের প্রতি আস্থা দুর্বল হয়ে পড়ছিল। পরে যখন আবার তাদের সঙ্গে দেখা হল তখন দেখলাম ঈশ্বরের প্রতি আস্থা তাদের দৃঢ়তর হয়েছে এবং তারা আনন্দে ভরপুর। এটা আপনার পত্রিকা পড়ার ফল। এদের পত্রিকা পড়ায় খুব আগ্রহ, সুতরাং এদের জন্য আমাকে ১৫০ টা পত্রিকা পাঠাবেন। যারা নতুন খ্রিষ্টধর্মী তাদের জন্য বাইবেলের কয়েকটা কপি পাঠাবেন। এগুলি পাঠালে আমি বিশেষ কৃতজ্ঞ হব। আপনি যে নিষ্ঠাসহ ঈশ্বরের বার্তা পাঠিয়ে চলেছেন সেজন্য ধন্যবাদ। ঈশ্বর সদা আপনার প্রতি কৃপাদৃষ্টি রাখুন। আস্থা থাকলে পাহাড় পর্যন্ত নাড়ানো যায়।

আপনার খ্রিষ্টান বোন,

টি. ও. কুমাসি, ঘানা

মানবজাতির প্রতি ঈশ্বরের অসীম ভালোবাসার প্রমাণ পাওয়া যায়।

বাইবেলে যিশুকে যখন প্রহার করা হয়, মিথ্যা দোষারোপ করা হয়, দুর্ব্যবহার করা হয়, উপহাস করা হয়, থুতু ফেলা হয়, নির্যাতন করা হয়, উৎপীড়ন করা হয়, বেত্রাঘাত করা হয় এবং ক্রুশবিদ্ধ করা হয়, তখনও তিনি কোনোরকম বাধা দেননি। যারা তাঁকে ক্রুশবিদ্ধ করতে নিয়ে যাচ্ছিল, তিনি তাদের বিরুদ্ধে একবারও অভিযোগ করেননি বরং তাদের জন্য প্রার্থনা করেছিলেন।

অনেকে তাঁর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিয়েছিল। তারপর, ইহুদিদের মহাযাজক বলেছিল: "উত্তর দাও না কেন?...তথাপি যিশু নীরব ছিলেন" (মথি ২৬:৫৯-৬৩)।

ক্রুশবিদ্ধ হওয়ার দুর্বিসহ যন্ত্রণা সহ্য করার সময় যিশু প্রার্থনা করেছিলেন: "হে পিতা এদের ক্ষমা করুন, এরা জানে না এরা কি করছে" (লূক ২৩:৩৪)।

ভবিষ্যদ্বাণী যিশাইয় ৫৩:৭ ও তা সত্য হওয়া এমন আশ্চর্যজনক। এই অবস্থায় মানুষের যা প্রতিক্রিয়া হবে এটি তা থেকে এত বিপরীতধর্মী ছিল যে এ কথাগুলি জানার পর যে কোনো মানুষ অবাক হয়ে যাবে।

**(১১) মামলা চলাকালীন ত্রাণকর্তার পক্ষে কোনও অধিবক্তা ছিল না, তাঁকে নির্দোষ প্রমাণ করার জন্য কোনও বন্ধু ছিল না (যিশাইয় ৫৩:৮)।**

কয়েদ থেকে তাঁকে আদালতে নিয়ে যাওয়া হয়, এবং সেখান থেকে তাঁকে ক্রুশবিদ্ধ করার জন্য নিয়ে যাওয়া হয়, তাঁর পক্ষ থেকে সাক্ষী দেওয়ার কেউ এগিয়ে আসেনি (যিশাইয় ৫৩:৮)।

সেই সময় ইস্রায়েলে একটি প্রথা প্রচলিত ছিল। যার বিরুদ্ধে মৃত্যুদন্ডাদেশের মামলা চলত, সে জনসাধারণের কাছ থেকে নিজের স্বপক্ষে সাক্ষ্য সংগ্রহ করতে পারত। অথচ যিশুর বিরুদ্ধে মামলায় এই প্রথানুসরণ করা হয়নি। এর সম্পূর্ণ বিপরীত, ইহুদিদের মহাযাজক যিশুর বিরুদ্ধে দ্রুতগতিতে মিথ্যা মোকদ্দমা করে। ঐ মোকদ্দমায় ন্যায়বিচার ও নিরপেক্ষতার চিহ্নমাত্র ছিল না।

*(পৃষ্ঠা ৬-এ ক্রমশ)*

## মেক্সিকো

প্রিয় পাস্টর অলামো,

আমি যেখানে আছি এখানেও আপনার প্রকাশনা পৌঁছে গিয়েছে। আপনার পত্রিকায় আপনার উপদেশ এবং পৃথিবীর নানা প্রান্তের মানুষের লেখা চিঠি পড়ে ভালো লাগল। নিঃসন্দেহে ঈশ্বর আপনাকে যথাযোগ্য ব্যবহার করছেন যাতে মানবজাতির কাছে পরিত্রাণের বার্তা পৌঁছে যায়। আমি সাড়ে সাত বছর যাবৎ গাঁজা পাচারের মামলায় হাজতবাস করছি। হাজতবাস আমার জন্য দুর্বিসহ হয়ে উঠেছিল যতক্ষণ না দু বছর আগে আমি প্রভু যিশুকে আমার অন্তরে স্বীকার করে নিই এবং তিনি আমার আত্মার পরিত্রাণ করেন। আশা করছি এই বছর আমার কারাবাস শেষ হবে। আমি জানতে চাই আপনি কি আমাকে আপনার বই *The Messiah (দি মেসাইয়া)* ও অন্যান্য কয়েকটি পাঠ্যবস্তু পাঠাতে পারবেন, তাহলে আমার ছেলেদেরও যিশুর বিষয়ে জানাতে পারব।

এম. এ.

মনক্লোভা, কোয়াহুইলা, মেক্সিকো

**চব্বিশ ঘণ্টা প্রার্থনা এবং তথ্য ফোন নম্বর: (৪৭৯) ৭৮২-৭৩৭০**

# দি মেসাইয়া

*(পৃষ্ঠা ৫ থেকে ক্রমশ)*

যিশুকে ইহুদিদের মহাযাজক এবং তার পার্ষদ এবং পরবর্তীকালে রোমান সাম্রাজ্যের ন্যায়ব্যবস্থার সম্মুখে একা দাঁড়াতে হয়েছিল। **যিশুর পক্ষে কেউ ছিল না।** যুদা ইস্কারিয়োত্ তাঁকে প্রতারিত করেছিল, পিতর তাঁকে চিনতে অস্বীকার করেন। অন্যান্য শিষ্যরা তাঁকে "ছেড়ে পালিয়ে যায়" (মথি ২৬:৫৬)। সেখানে যিশুর বেশ কয়েকজন মহিলা অনুগামী ছিলেন, যখন যিশুকে ক্রুশে তোলা হয়, তারা "দূরে দাঁড়িয়ে দেখছিল" (মথি ২৭:৫৫)। বিপদের সময় **কেউ যিশুর পাশে ছিল না।** বেশ কয়েক ঘণ্টা পরে, যখন যন্ত্রণায় তাঁর শরীর অসাড় হয়ে পড়ে তখন তাঁর মা মরিয়ম, কয়েকজন অনুগত মহিলা এবং তাঁর প্রিয় শিষ্য যোহন ক্রুশের কাছে একত্র হয়। তবে মামলা চলাকালীন এবং ক্রুশবিদ্ধ করার সময় যিশু সম্পূর্ণ একা ছিলেন। সারা বিশ্বের ইতিহাসে কখনোই এমন হয়নি যে যিশুর মত কারুর আত্মীয় বন্ধু তাকে এভাবে সম্পূর্ণ পরিত্যাগ করেছে।

উপযুক্ত আধিকারিক পদ্ধতিতে **নয়,** বরং উচ্ছৃঙ্খল জনসাধারণ তাঁকে গ্রেপ্তার করে: "প্রধান যাজক এবং প্রবীণগণ তরবারি ও কাষ্ঠদন্ড হাতে জনসাধারণকে তাঁকে গ্রেপ্তার করে আনতে পাঠিয়েছিল" (মথি ২৬:৪৭)। এমনকি যিশু নিজেও তাদের ঐ অসঙ্গত আচরণে মন্তব্য করেছিলেন: "যেভাবে ডাকাত ধরে, তোমরা কি সেভাবে আমাকে লাঠি তলোয়ার নিয়ে ধরতে এসেছ? প্রতিদিন আমি উপাসনা স্থানে বসে উপদেশ দিয়েছি, তখন তোমরা আমাকে গ্রেপ্তার করনি। নবীদের বাণী সত্য প্রমাণিত হওয়ার জন্য এসব ঘটছে" (মথি ২৬:৫৫-৫৬)।

যিশুকে "মৃত্যুদণ্ড দিতে" (মথি ২৬:৫৯) কয়েকজন মিথ্যা সাক্ষ্য দিয়েছিল। এবং রাত্রে ঐ মামলা চলেছিল, যা বেআইনি।

জেরুজালেম এর রোমান আদালতে, রাজ্যপাল পিলাত লোকেদের জিজ্ঞাসা করেছিলেন: "যিশু কি অন্যায় করেছে যে তাঁকে মৃত্যুদণ্ড দেওয়া উচিত?" জনারণ্যে কোনও উত্তর পাওয়া যায়নি, তারা কেবল নেতাদের প্ররোচনায় চিৎকার করছিল, "ওকে ক্রুশবিদ্ধ কর।...ওকে ক্রুশবিদ্ধ কর" (মথি ২৭:২২-২৩)। যখন পিলাত দেখলেন তাঁর যুক্তিসঙ্গত কথা কেউ শুনছে না তখন তিনিও সরে দাঁড়ান এবং যিশুকে ক্রুশে বিদ্ধ করার জন্য ভিড়ের হাতে সঁপে দেন (মথি ২৭:২২-২৬)। ইতিহাসে কখনও এমন অন্যায় দেখা যায়নি।

পিলাতের ঐ কথা: "তাঁর কোনো দোষ দেখি না" (যোহন ১৯:৬)- যিশুর নিরপরাধ হওয়ার প্রমাণ। অনুরূপ, নবী যিশাইয়র ভবিষ্যদ্বাণী যিশুকে নিষ্কলঙ্ক নির্দোষ প্রতিপন্ন করেছিল "সে উপদ্রব করেনি, মিথ্যা কথা বলেনি" (যিশাইয় ৫৩:৯)।

---

*পরবর্তী পত্রিকায় ক্রমশ চলবে*

## তানজানিয়া

প্রিয় পাস্টর অলামো,

আমার প্রিয় ও ঈশ্বরের পাঠানো পাস্টর, আমাদের পরমপিতা ও প্রভু যিশুর কৃপাদৃষ্টি, দয়া ও শান্তি সবসময় আপনার ও আপনার চার্চের ওপর বজায় থাকুক। ঈশ্বরকে অশেষ ধন্যবাদ যে আমি ১৯৯৪ সাল থেকে তাঁর সেবায় আত্মনিয়োগ করেছি। আমি তানজানিয়ার মুসামোতে ভগবৎবাক্য প্রচারক। আমি সারা দেশ এমনকি অন্যান্য দেশেও ঈশ্বরের বাণী প্রচার করে চলেছি। পাস্টর আমি আপনার কথা নিজে শুনিনি, উপদেশ শুনিনি, আপনাকে স্বচক্ষে দেখিনি। তবে আমি অবিরাম আপনার রচিত সাহিত্য পাই ও মনোযোগ সহকারে পড়ি। আপনার অপরূপ উপদেশবাণী *শুকনো হাড়* এবং *ঈশ্বরের খামার* পত্রিকায় পড়েছি এবং আপনার বই *দি মেসাইয়াও* পড়েছি। আপনি সত্যি এক মহান আন্তর্জাতিক মানের লেখক। আপনার লেখাগুলি পড়ে পৃথিবীর প্রকৃত খ্রিস্টধর্মী মানুষের জন্য আপনার যে দুশ্চিন্তা তা বুঝতে পারলাম। আমার সহকর্মী, নতুন খ্রিষ্টধর্মী লোকজন ও আমি, আমরা সবাই মিলে একটা নতুন চার্চ গড়ে তুলেছি, যার নাম বিলিভার কম্যুনিটি চার্চ (ধর্মবিশ্বাসীদের সামাজিক চার্চ)। আমরা পূর্ব আফ্রিকা, বিশেষ করে তানজানিয়ায়, আপনার পত্রিকা ও অন্যান্য পাঠ্যবস্তু বিতরণ করতে চাই। এছাড়াও, আমরা দূর দূরান্তের গ্রামগুলিতে ঈশ্বরের বার্তা নিয়ে যেতে চাই। পাস্টর আমরা আপনার সাহায্যপ্রার্থী। তানজানিয়ায় পরমেশ্বরের কাজের প্রচারের জন্য দয়া করে খ্রিস্ট সাহিত্য ও বাইবেলের কপি পাঠাবেন। সম্ভব হলে লাউডস্পিকার ও জেনারেটরের ব্যবস্থা করায় আমাদের সাহায্য করবেন। আপনার চার্চের প্রতি সর্বদা যেন ঈশ্বরের দয়া-দৃষ্টি থাকে ও এই সৎকাজের জন্য আপনার আধ্যাত্মিক জীবনের আরও উন্নতি হোক।

আপনার ইতিবাচক উত্তরের অপেক্ষায়,

আপনার,

ও. ই. এম. তানজানিয়া, পূর্ব আফ্রিকা

## ঘানা

প্রিয় এবং দয়াময় পাস্টর,

আপনি আপনার পত্রিকা পাঠিয়েছেন তাই আমি খুব আনন্দিত। গত সপ্তাহে আপনার পত্রিকার একটা বাক্স পেয়েছি। প্রিয় পাস্টর অলামো, প্রভুর সেবক, লোকেরা এই পত্রিকাগুলি পড়ে শান্তি পেয়েছে। এই গ্রামে আমার কিছু বন্ধুবান্ধব আছে, আমি তাদের প্রার্থনাসভায় আমন্ত্রণ জানাই ও এই পত্রিকাগুলি পড়তে দিই। তারা অধীর আগ্রহে পরবর্তী সংস্করণের প্রতীক্ষায় থাকে। তারা যখন পৃথিবীর অন্যান্য প্রান্তের লোকেদের চিঠি পড়ে তখন তাদের বিশ্বাস আরও সুদৃঢ় হয়। আপনার প্রকাশনা পড়ে আমরা খুব খুশী এবং আপনাকে অনুরোধ আপনার ডাকতালিকায় আমাদের নাম লিখে নেবেন যাতে আমরা এগুলি নিয়মিত ভাবে পাই। দয়া করে আমাদের বাইবেলের কয়েকটা কপি পাঠাবেন। আমরা আপনার জন্য, আপনার প্রিয় পুত্র সিয়নের জন্য এবং আপনার চার্চে আপনার সঙ্গে কর্মরত সবার জন্য প্রার্থনা করি। ঈশ্বর আপনাকে আশীর্বাদ দিন। অনুগ্রহ করে আমাদের জন্যও প্রার্থনা করবেন। ঈশ্বর তাঁর সন্তানদের প্রার্থনার উত্তর নিশ্চয় দেন। প্রার্থনা ছাড়া আমরা ঈশ্বরের সাহায্য পাবো না। ঈশ্বরের এই মহাকাজে যেসব ছাত্র স্বয়ংসেবক দূরদূরান্তের গ্রামে ও পাহাড়ে যায় তাদের মনে সাহস, আস্থা ও ঈশ্বর-প্রেম বাড়াতে, অনুগ্রহ করে ঈশ্বরের কাছে তাদের জন্য প্রার্থনা করবেন। ঈশ্বর আপনার পথপ্রদর্শন করুন। আপনার প্রতি সদা তাঁর দয়াদৃষ্টি থাকুক। আমরা ঈশ্বরের কাছে আপনার দীর্ঘায়ু, শান্তি ও শ্রীবৃদ্ধি কামনা করি।

যিশুর প্রেমে,

আপনার,

এ. এস. অক্কারা, ঘানা

# শুকনো হাড়

(পৃষ্ঠা ৩ থেকে ক্রমশ)

অনুভব করলাম যা বেভার্লি হিলসের অফিসে অনুভব করেছিলাম। আবার ঈশ্বর আমাকে স্বর্গ নরকের অলৌকিক দর্শন করালেন।[২১] চিৎকার করে আমি ঈশ্বরকে বললাম, "হে প্রভু আমাকে দয়া করে নরকে পাঠাবেন না"। যখন স্বর্গ দেখলাম তখন স্বর্গের শান্তি পেলাম।[২২] নিজেকে আমি স্বর্গে দেখতে পেলাম অন্ধ, নগ্ন এবং নগণ্য হিসাবে। ঈশ্বরকে বললাম যদি চিরতরে এই স্বর্গের শান্তি পাই তাহলে আমি এমনই অন্ধ, নগ্ন ও নগণ্য ভাবে থাকতে রাজি আছি। তিনি আবার আমাকে নরক দর্শন করালেন, আমি তাঁর কাছে দয়া ও ক্ষমাভিক্ষা চাইলাম। এর পর পিতা, পুত্র এবং পবিত্র আত্মা আমার শরীর ও আত্মায় প্রবিষ্ট হন।[২৩] যিশুর প্রতি আমার আস্থা এবং আমার জন্য তাঁর রক্ত ঝরানো এবং ঈশ্বরের কাছ থেকে শোনা এবং অনুসরণ করা কথাগুলির প্রতি আমার বিশ্বাসের[২৪] উপর ভর করে আমি অনুভব করলাম যে আমার সব পাপ অন্তর থেকে ধুয়ে মুছে গিয়েছে।[২৫] আমার আত্মাশুদ্ধি হয়েছে বুঝতে পারলাম।[২৬] আমার জন্য এ এক অসাধারণ ব্যাপার ছিল, যা যিশু, ইস্রায়েল-এর ত্রাণকর্তা[২৭], আমার জন্য করেছিলেন। পাপমুক্ত হয়ে এবং পাপ থেকে দূরে থাকার এই নতুন শক্তি পেয়ে আমি ভীষণ খুশি হলাম এবং সারা বিশ্বকে জানাতে চাইছিলাম যাতে তারাও যিশুকে জানতে পারে এবং চিরজীবন লাভ করতে পারে।

১৯৬৪ থেকে আমি অবিরাম ঈশ্বরসেবা করে চলেছি। যখন বাইবেল পড়ি, মনে হয় ঈশ্বরের বাণী আমার আত্মাকে আরও সুদৃঢ় করে তুলছে। যেমন যিহিস্কেল দৈবদর্শন পেয়েছিলেন- যেখানে ঈশ্বর শুকনো হাড়ে নতুন মজ্জা ভরে, তাতে মাংসপেশী ও চামড়ার প্রলেপ দিয়ে যেমনভাবে সেগুলিকে বলশালী করে তুলেছিলেন, ঠিক তেমনভাবে আমার আত্মাও বলশালী হচ্ছে। ঈশ্বরের প্রতিটি শব্দ যিশুর প্রতি আমার আস্থা বাড়ায় এবং আমার আত্মা আরও সুদৃঢ় হয়ে ওঠে। যখন থেকে আমি ঈশ্বরের সেবা করে চলেছি তখন থেকে শয়তান আমার সাথে যুদ্ধ করে চলেছে, ঈশ্বর তাকে সহ্য করার ক্ষমতা দিয়েছে। প্রতি দিন আমি আরও স্পষ্টভাবে বুঝতে পারি

(পৃষ্ঠা ৮-এ ক্রমশ)

**২১.** প্রেরিতদের কার্য্য ৭:৫৫-৫৬, লূক ১৬:২২-৩১, প্রকাশিত বাক্য ৪:১-১১, ১৫:১-৪, ২১:২-৫, ১০-২৭, ২২:১-৫, যিশাইয় ৫:১৪, ১৪:৯, প্রকাশিত বাক্য ১৪:১০-১১, ২০:১০ **২২.** রোমীয় ৫:১, ইফিষীয় ২:১৪, ফিলিপীয় ৪:৭, কলসীয় ৩:১৫, ১ থিষলনীকীয় ৫:২৩, ২ থিষলনীকীয় ৩:১৬ **২৩.** ২ করিন্থীয় ৬:১৬, ১ পিতর ২:৫, লেবীয় পুস্তক ২৬:১১-১২, যোহন ১৪:১৬, ১ যোহন ৩:২৪ **২৪.** হবক্কূক ২:৪, মথি ১৭:২০, লূক ৭:৫০, প্রেরিতদের কার্য্য ২০:২১, ২৬:১৮, রোমীয় ১:১৭, ৩:২৮, ৫:২, ১০:১৭, ১১:২০, গালাতীয় ২:১৬, ৩:১১, ইফিষীয় ২:৮, ৩:১৭, ইব্রীয় ১০:৩৮

**২৫.** মার্ক ১৪:২৪, যোহন ৬:৫৩, প্রেরিতদের কার্য্য ২০:২৮, রোমীয় ৩:২৫, ৫:৯, ইফিষীয় ১:৭, ২:১৩, কলসীয় ১:১৪, ২০, ইব্রীয় ৯:১২, ১৪, ২২, ১ পিতর ১:১৮-১৯, প্রকাশিত বাক্য ১:৫, ৫:৯ **২৬.** ১ যোহন ১:৭, ইব্রীয় ১০:১৯-২২, প্রকাশিত বাক্য ১:৫, ৭:১৪ **২৭.** গীতসংহিতা ৮৯:১৮, প্রেরিতদের কার্য্য ৩:১৩-১৪

## আমাদের চার্চের ফোন নম্বরে একটি কলের সংক্ষিপ্তসার

**(প্রার্থনা এবং তথ্যের জন্য আমাদের চার্চে দিনে চব্বিশ ঘণ্টা, সপ্তাহে সাত দিন ফোন করা যায়)**

ক্যালিফোর্নিয়া রাজ্যের পাসাডেনা শহরে স্থিত ফুলার থিওলজিকাল সেমিনারি (ফুলার ঈশ্বর-তত্ত্ব কলেজ)। এই কলেজের ম্যাকালিস্টর গ্রন্থাগারে কর্মরত ডি.আর. ফোন করে জানালেন তিনি মেঝেতে পড়ে থাকা দুটো পত্রিকা কুড়িয়ে পেয়েছেন, ও পড়েছেন। তার সেগুলো খুব ভালো লেগেছে ও তাই তিনি অনুরোধ করেন তার নাম যেন ডাকসূচিতে যোগ করা হয়। তিনি আরও অনুরোধ করেন তাকে যেন নিয়মিত প্রত্যেকটা পত্রিকা ও পাস্টর অলামোর লেখা অন্যান্য রচনা পাঠানো হয়। যে কটা সাহিত্য রচনা আছে, তিনি প্রত্যেকটার একটা করে কপির অনুরোধ করেন। তিনি ম্যাকালিস্টর লাইব্রেরির জন্য পাস্টর অলামোর প্রত্যেকটা সাহিত্যসংগ্রহ রাখতে চান যাতে গবেষকরা এই লাইব্রেরিতে এসে বাইবেল ও পাস্টর অলামোর বিষয়ে সবিস্তারে জানতে পারে। এই সাহিত্যসম্ভারের ব্যাপারে তিনি অত্যন্ত উৎসাহী। তিনি বলেন একটা বইয়ের আলমারিতে তিনি শুধুই পাস্টর অলামোর সাহিত্যসৃষ্টি রাখতে চান। তিনি আরও বলেন যে পাস্টর অলামোর প্রত্যেকটি রচনা সত্যকে প্রতিফলিত করে।

## নাইজেরিয়া

প্রিয় পাস্টর,

প্রভু যিশুর নামে অভিবাদন। আপনার পাঠানো আগেকার পত্রিকাগুলি বিতরণ করা হয়েছে। দেখে অবাক হলাম ঐগুলি পড়ে লোকেদের জীবনে দারুণ পরিবর্তন ঘটে চলেছে। সমগ্র মনপ্রাণ দিয়ে তারা প্রভু যিশুর সেবায় আত্মনিয়োগের প্রতিশ্রুতি দিচ্ছে। কয়েকজন কথা দিয়েছে যে তারা আপনাকে চিঠি লিখবে। আপনার কাছে অনুরোধ মেসাইয়ার ২৫টা কপি, বিভিন্ন পত্রপত্রিকার ১৫০টা কপি ও বাইবেলের কয়েকটা কপি ও অন্যান্য পাঠ্যসামগ্রী পাঠাবেন যাতে আমি সেসব বন্ধুবান্ধব, পরিবারের সদস্য ও অন্য যারা প্রভু যিশুর বিষয়ে আরও জানতে ইচ্ছুক তাদের দিতে পারি। নাইজেরিয়ায় আমি আপনার সহযোগী হতে চাই এবং এর জন্য আমাকে কি করতে হবে জানাবেন। আমার বিশ্বাস আপনার জীবন ও আপনার চার্চ প্রভুর আশীর্বাদধন্য। আমিও প্রভুর আশিস কামনা করি। আপনার উত্তরের অপেক্ষায় রইলাম।

আপনার,<br>
আর. এম.<br>
পোর্ট হারকোর্ট, নাইজেরিয়া

## জাম্বিয়া

প্রিয় পাস্টর টোনি অলামো,

আপনাকে এই চিঠি লিখতে পেরে আমি খুবই আনন্দিত। আপনি কেমন আছেন পাস্টর? আশা করি ঈশ্বরের কৃপায় আপনি ভালো আছেন। আপনার *Leaders and Fables* (*লিডার্স অ্যান্ড ফেবল্স* যা খাঁটি ও নকল পথপ্রদর্শক সম্বন্ধে) শিরোনামের রচনাসহ পত্রিকাটা পড়লাম। আমি এই পত্রিকা পড়ার সুযোগ পেয়েছি বলে ঈশ্বরকে ধন্যবাদ। এটা পড়ে নিজেকে ধন্য মনে হল আর ইচ্ছা হল আপনাকে একটা চিঠি লিখি। আপনি যে পথভ্রান্ত, আস্থাশূন্য লোকেদের কাছে পরমেশ্বরের পরিত্রাণের বার্তা পৌঁছে দিচ্ছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাতে চাই। আশা করি তারা প্রভু যিশুকে নিজেদের ত্রাণকর্তাস্বরূপ স্বীকার করে নেবে ও তাদের জীবনে উন্নতি হবে। আপনার সাহিত্য পড়ার পরে অনেকে প্রভু যিশুকে স্বীকার করে নিয়েছে এবং তারা শয়তানের কবল থেকে মুক্তি পেয়েছে। প্রভু আপনাকে আর্থিক, শারীরিক ও আধ্যাত্মিক বল প্রদান করুন।

পাস্টর, আমি একজন যুবতী, পাঁচ বছর হল আমার বিয়ে হয়েছে। দু বছর আগে আমি আমার জীবন যিশুর সেবায় উৎসর্গ করেছি এবং ঈশ্বর আমার প্রতি সদয় হয়েছেন। আমার আন্তরিক ইচ্ছা সবার মাঝে আমি এই বার্তা প্রচার করি যে একমাত্র প্রভু যিশু আমাদের আত্মার পরিত্রাণ করতে পারেন। আফ্রিকার প্রথা ও বিধিমত যুগ যুগান্তর ধরে আমাদের মহিলাদের বাঁধনে বেঁধে রাখা হয়েছিল। এখন সেই বাঁধন থেকে মুক্তি পেয়েছি বলে আমার ইচ্ছা প্রভুর সেবায় আমার জীবন উৎসর্গ করি। পাস্টর, আপনার কাছে অনুরোধ আমাকে বাইবেলের কয়েকটা কপি, ত্রাণকর্তা যিশুর বিষয়ে আপনার বই, আপনার পত্রিকা এবং টেপে আপনার উপদেশবাণী ও অন্যান্য জিনিসপত্র পাঠান। এগুলির সাহায্যে আমার বাইবেল বুঝতে ও পথভ্রষ্টদের পরিত্রাণের পথ দেখাতে সুবিধা হবে। শেষে, আপনি যদি ধর্মীয় সঙ্গীতের কয়েকটা ক্যাসেট পাঠান তাহলে অশেষ কৃপা হয়।

আপনার,<br>
এল. এম. আইসোকা, জাম্বিয়া

## শুকনো হাড়

*(পৃষ্ঠা ৭ থেকে ক্রমশ)*

যে যিশুর শক্তি পেয়ে আমরা “অপার বিজয়ী” হয়েছি[২৮] এবং যিশুতে পরিপূর্ণ হয়ে উঠেছি।[২৯] আমি আরও জানি যে যিশুর প্রতিটি কথা পালন করা কতটা জরুরী। পুনরায় স্বর্গে প্রত্যাবর্তনের অল্পক্ষণ আগে যিশু বলেছিলেন, “সারা বিশ্বে সর্বত্র আমার বার্তা প্রচার কর”।[৩০] (যাদের আত্মা শুকনো হাড়ের মত মৃত-তুল্য হয়ে উঠেছে তাদের সবাইকে উপদেশ দাও, যাতে তাঁরা “প্রভুর বাণী শুনতে” পায়।[৩১]) যে (যিশুকে) বিশ্বাস করবে সে মুক্তি পাবে, যে বিশ্বাস করবে না সে হবে দোষী (যার জন্য তাকে নরকে যেতে হবে)।[৩২]

আপনি যদি চান যে যিশু আপনার আত্মাকে মুক্ত করুক এবং আপনি নরকযন্ত্রণার মধ্য দিয়ে না যেতে চাইলে পরমেশ্বরের কাছে এই প্রার্থনা করুন:

**আমার প্রভু, আমার ঈশ্বর, আমি পাপী, আমার প্রতি সদয় হন।[৩৩] আমার সম্পূর্ণ বিশ্বাস যিশু স্বয়ং ঈশ্বরের পুত্র।[৩৪] আমার বিশ্বাস তিনি ক্রুশবিদ্ধ হয়ে মৃত্যুবরণ করেছিলেন এবং আমার আগেকার সব পাপের ক্ষমা করতে তাঁর অমূল্য রক্ত দিয়েছেন।[৩৫] আমার বিশ্বাস ঈশ্বর পবিত্র আত্মার শক্তি দ্বারা যিশুকে মৃতদের থেকে পুনরুজ্জীবিত করেছিলেন,[৩৬] এবং তিনিই এখন ঈশ্বরের দক্ষিণহস্ত হয়ে আমার পাপ স্বীকারোক্তি ও এই প্রার্থনা শুনছেন।[৩৭] প্রভু যিশু আমি আমার হৃদয়ের দ্বার উন্মুক্ত করে আপনাকে প্রবেশের আমন্ত্রণ জানাচ্ছি।[৩৮] আপনি ক্যালভ্যারিতে ক্রুশবিদ্ধ হয়ে যে রক্তপাত করেছিলেন সেই অমূল্য রক্ত দিয়ে আমার সব পাপ ধুয়ে দিন।[৩৯] প্রভু যিশু আমি জানি আমাকে আপনি প্রত্যাখ্যান করবেন না; আমি জানি আপনি আমাকে ক্ষমা করে দেবেন ও আমার আত্মার পরিত্রাণ করবেন। আমি এ কথা জানি কারণ বাইবেলে, যাতে আপনার বাণী আছে, সেখানে এ কথাই বলা হয়েছে।[৪০] আপনি বাইবেলে বলেছেন আপনি কাউকে প্রত্যাখ্যান করবেন না, আমাকেও না।[৪১] তাই আমি জানি আপনি আমার প্রার্থনা শুনেছেন, এবং আমি জানি আপনি তার উত্তরও দিয়েছেন, আমি এ কথাও জানি যে আপনি আমাকে পরিত্রাণ করেছেন।[৪২] প্রভু যিশু আমার আত্মার পরিত্রাণ করার জন্য ধন্যবাদ, আমি আপনার আদেশানুসারে জীবনযাপন করে আমার কৃতজ্ঞতা প্রকাশ করব এবং কখনো পাপকর্ম করব না।[৪৩]**

---

আত্মোদ্ধারের জন্য একান্ত জরুরী পাঁচটি পদক্ষেপের প্রথম পদক্ষেপ এইমাত্র আপনি নিলেন। এর দ্বিতীয় পদক্ষেপ, আগেকার স্বার্থপর,পাপ জর্জরিত ও বাসনা লালসা পূর্ণ জীবন ছেড়ে ঈশ্বরের ইচ্ছানুসার জীবনযাপন করা। যিশু আমাদের জন্য আত্মবিসর্জন দিয়েছিলেন এবং তিনি আমাদের কাছ থেকেও আমাদের পূর্বের পাপপূর্ণ জীবনধারা পরিত্যাগ করার প্রত্যাশা রাখেন।

তৃতীয় পদক্ষেপ, পাপ কণ্টকিত জীবন থেকে মুক্ত হয়ে যিশুর মত নিষ্পাপ জীবনযাপন করা। চতুর্থ পদক্ষেপ স্বার্থপরতা ও পাপ কলুষিত ইচ্ছাগুলি থেকে মুক্ত হওয়ার জন্য ঈশ্বরীয় শক্তি গ্রহণ করা এবং শেষ পদক্ষেপ ঈশ্বরপ্রদত্ত এই শক্তি প্রয়োগ করা এবং অন্যদের এ বিষয়ে জানানো, যাতে তারাও তাদের আত্মার পরিত্রাণ প্রাপ্ত হন এবং পাপমুক্ত জীবনযাপন করার শক্তি পান। আপনার বাইবেল পড়তে হবে এবং ঈশ্বরের আদেশমত চলতে হবে, যাতে জগতবাসী ঈশ্বরের আজ্ঞাপালনে আপনার নিষ্ঠা এবং ঈশ্বরের অস্তিত্বে আপনার আস্থার প্রমাণ পায়।

প্রভুর জয়গান করা হোক। ঈশ্বরের আশীর্বাদ সর্বদা আপনার সঙ্গে থাকুক।

যিশুর পবিত্র নামে,

পাস্টর টোনি অলামো

*টোনি অলামো সম্ভবত মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বশ্রেষ্ঠ দেশভক্ত।*

---

**২৮.** রোমীয় ৮:৩৭, ১ যোহন ৪:৩-৪ **২৯.** কলসীয় ২:১০ **৩০.** মার্ক ১৬:১৫, লূক ১৪:২৩ **৩১.** যিহিস্কেল ৩৭:৪, ২ রাজাবলি ২০:১৬, যিশাইয় ১:১০, যিরমিয় ২:৪ **৩২.** মার্ক ১৬:১৬, ২ থিষলনীকীয় ২:১২ **৩৩.** গীতসংহিতা ৫১:৫, রোমীয় ৩:১০-১২, ২৩ **৩৪.** মথি ২৬:৬৩-৬৪, ২৭:৫৪, লূক ১:৩০-৩৩, যোহন ৯:৩৫-৩৭, রোমীয় ১:৩-৪ **৩৫.** প্রেরিতদের কার্য্য ৪:১২, ২০:২৮, রোমীয় ৩:২৫, ১ যোহন ১:৭, প্রকাশিত বাক্য ৫:৯ **৩৬.** গীতসংহিতা ১৬:৯-১০, মথি ২৮:৫-৭, মার্ক ১৬:৯, ১২, ১৪, যোহন ২:১৯, ২১, ১০:১৭-১৮, ১১:২৫, প্রেরিতদের কার্য্য ২:২৪, ৩:১৫, রোমীয় ৮:১১, ১ করিন্থীয় ১৫:৩-৭ **৩৭.** লূক ২২:৬৯, প্রেরিতদের কার্য্য ২:২৫-৩৬, ইব্রীয় ১০:১২-১৩ **৩৮.** ১ করিন্থীয় ৩:১৬, প্রকাশিত বাক্য ৩:২০ **৩৯.** ইফিষীয় ২:১৩-২২, ইব্রীয় ৯:২২, ১৩:১২, ২০-২১, ১ যোহন ১:৭, প্রকাশিত বাক্য ১:৫, ৭:১৪ **৪০.** মথি ২৬:২৮, প্রেরিতদের কার্য্য ২:২১, ৪:১২, ইফিষীয় ১:৭, কলসীয় ১:১৪ **৪১.** মথি ২১:২২, যোহন ৬:৩৫, ৩৭-৪০, রোমীয় ১০:১৩ **৪২.** ইব্রীয় ১১:৬ **৪৩.** যোহন ৫:১৪, ৮:১১, রোমীয় ৬:৪, ১ করিন্থীয় ১৫:১০, প্রকাশিত বাক্য ৭:১৪, ২২:১৪

*যদি আপনি পাস্টর টোনি অলামোর লেখনীর প্রতিলিপি পেতে ইচ্ছুক হন এবং বিশ্বব্যাপী আমাদের রেডিও সম্প্রচারের সময়তালিকা জানতে চান, অনুগ্রহ করে আমাদের যোগাযোগ করবেন:*

**Tony Alamo, World Pastor, Tony Alamo Christian Ministries Worldwide • P.O. Box 6467 • Texarkana, Texas 75505 USA**

**চব্বিশ ঘন্টা প্রার্থনা এবং তথ্যের ফোন নম্বর: (৪৭৯) ৭৮২-৭৩৭০ ফ্যাক্স: (৪৭৯) ৭৮২-৭৪০৬**

**www.alamoministries.com • info@alamoministries.com**

*যারা মন প্রাণ, আত্মা ও ক্ষমতা দিয়ে আন্তরিকভাবে ঈশ্বরের সেবা করতে আগ্রহী তাদের সবার জন্য টোনি অলামো খ্রিস্টান চার্চ বসবাসের স্থান এবং অন্য সবরকম সুবিধা দেয়।*

**নিম্নোক্ত স্থানগুলিতে প্রতিদিন সন্ধ্যা আটটার সময় এবং প্রতি রবিবার বিকাল তিনটে এবং সন্ধ্যা আটটায় আরাধনা হয়:**

**নিউ ইয়র্ক সিটিতে: ঠিকানার জানার জন্য আমাদের সাথে কথা বলুন**

**আরকানসাস্থিত চার্চ: 4401 Windsor Dr., Fort Smith, Arkansas 72904 (৪৪০১ উইন্ডসর ড্রাইভ, ফোর্ট স্মিথ, আরকানসা)**

**1005 Highway 71 South, Fouke, AR 71837 (১০০৫ হাইওয়ে ৭১ সাউথ, ফাউক, আরকানসা)**

**লস অ্যানজেলেস এলাকায় চার্চ: 13136 Sierra Hwy., Canyon Country, California 91390**

**(১৩১৩৬ সিয়েরা হাইওয়ে, ক্যানয়ন কান্ট্রি, ক্যালিফোর্নিয়া) • (৬৬১) ২৫১-৯৪২৪**

***চার্চে প্রত্যেকটি উপাসনা সভাশেষে সম্মিলিত ভোজনের ব্যবস্থা থাকে***

চার্চের উপাসনায় অংশগ্রহণের জন্য প্রতিদিন সন্ধ্যা সাড়ে ছয়টায় এবং রবিবার দুপুর দেড়টায় ও সন্ধ্যা সাড়ে ছয়টায় হলিউড, ক্যালিফোর্নিয়ার হলিউড বুলেভা এবং হাইল্যান্ড অ্যাভেন্যুর মোড় থেকে নিঃশুল্ক পরিবহনের ব্যবস্থা আছে।

**পাস্টর অলামোর বই *The Messiah (দি মেসাইয়া)* পেতে হলে অনুগ্রহ করে আমাদের যোগাযোগ করুন।**

**ঐ বইয়ে জানানো হয়েছে ত্রাণকর্তার বিষয়ে বাইবেলে বর্ণিত ৩৩৩ টির বেশী ভবিষ্যদ্বাণী যিশু কিভাবে পূরণ করেছিলেন।**

*পাস্টর টোনি অলামোর পাঠ্যবস্তু এবং তাঁর উপদেশবাণীর সব সিডি ও টেপ বিনামূল্যে পাওয়া যায় এবং এগুলি কোনটাই বিক্রি করা হয় না। কেউ আপনাকে এইগুলি বিক্রি করার চেষ্টা করলে আমাদের এই নম্বরে ফোন করে জানাবেন (৪৭৯) ৭৮২-৭৩৭০। এই ফোনকলের খরচ আমরা বহন করব।*

**এই পুস্তিকাটিতে পরিত্রাণের সঠিক পথনির্দেশ দেওয়া হয়েছে (প্রেরিতদের কার্য্য ৪:১২)। পড়ার পর এটা ফেলে দেবেন না, অন্যদের দিয়ে দেবেন।**

যদি আপনি কোনও ভাষায় সাবলীল হন তাহলে আমরা আপনাকে উৎসাহিত করবো এটি সেই ভাষায় অনুবাদ করে নিতে।

যদি আপনি এই প্রকাশনা পুনঃপ্রকাশিত করতে চান, তাতে অবশ্যই কপিরাইট এবং নথিভুক্তিকরণের উল্লেখ করবেন:

© কপিরাইট নভেম্বর ১৯৯৫, ২০০৬, ২০১১ সর্বাধিকার সুরক্ষিত World Pastor Tony Alamo (বিশ্বব্যাপী প্রচারকর্তা টোনি অলামো)। ® নথিভুক্তিকরণ ১৯৯৫, ২০০৬, ২০১১

Bengali—Volume 06000—*Dry Bones*